# Times Today BD

শাহজাহান আলী বিপাশ | দেশজুড়ে | 27 April, 2025

ঝিনাইদহের মহেশপুর সীমান্তে ভারতীয় সীমান্ত রক্ষী বাহিনীর (বিএসএফ) গুলিতে দুই বাংলাদেশি নিহত হয়েছেন।রবিবার (২৭ এপ্রিল) ভোরে মহেশপুর সীমান্তের মধুপুর গ্রামের ওপারে ভারতের অংশে এ ঘটনা ঘটে।

নিহতরা হলেন- উপজেলার গোপালপুর গ্রামের আবুল কালামের ছেলে মোহাম্মদ মিকাইল (২২) ও হানিফ আলীর ছেলে মো. ওবায়দুল (২৩)।

স্থানীয়রা জানান, রবিবার ভোরে সীমান্তের যাদবপুর গ্রামের ওপারে ভারতীয় অংশ থেকে গুলির শব্দ আসে।পরে গ্রামবাসী সীমান্তের কাছাকাছি গিয়ে ভারতীয় অংশে দুটি মরদেহ পড়ে থাকতে দেখেন| মৃতদেহ বিএসএফ নিয়ে গেছে বলে জানা যায়।

মহেশপুর ৫৮ বিজিবির অধিনায়ক লে. কর্ণেল রফিকুল আলম বলেন, এ ঘটনা শোনার পর বিএসএফ এর সাথে যোগাযোগের চেষ্টা চলছে। তিনি জানান, বিস্তারিত জানানো হবে।

ঝিনাইদহ বাংলাদেশ বাহিনী

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 27 June, 2025 15:04

URL: https://www.timestodaybd.com/public/across-the-country/1517775807